**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 04–07–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, জন্মগত শারীরিক অসঙ্গতি ও ত্রুটি নিয়ে জন্ম নেওয়া শিশুদের বিনামূল্যে চিকিৎসা পরিষেবা প্রদানের উদ্যোগ নিয়েছে সরকার।**

**(২) প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত রাজ্যের ৮টি জেলায় প্রায় ৭৮ হাজার ২৭৯ জন কৃষককে আজ কৃষি দপ্তরের পক্ষ থেকে ক্ষতিপূরণ বাবদ প্রায় ২২ কোটি টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয় ।**

**(৩) নীতি আয়োগ সারাদেশে উচ্চাকাঙ্খী জেলা এবং উচ্চাকাঙ্খী ব্লকগুলিতে ছয়টি মূল সূচকের পরিপূর্ণতা অর্জনের জন্য আজ তিন মাসের প্রচারমূলক সম্পূর্নতা অভিযান চালু করেছে।**

**(৪) রাজ্যভিত্তিক সিনিয়র ক্রিকেটের এলিট গ্রুপে মোহনপুর চ্যাম্পিয়ন হয়েছে।**

**(৫) রাজ্যভিত্তিক সুব্রত মুখার্জি কাপের ৩টি খেলা আজ শুরু হয়েছে ।**

*******************************************

**CM-Health :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, জন্মগত শারীরিক অসঙ্গতি ও ত্রুটি নিয়ে জন্ম নেওয়া শিশুদের বিনামূল্যে চিকিৎসা পরিষেবা প্রদানের উদ্যোগ নিয়েছে সরকার। উন্নত চিকিৎসা পরিষেবার মাধ্যমে নিজেরা যাতে স্বাভাবিক জীবনযাপন করতে পারে সেজন্যই সরকার এই উদ্যোগ নিয়েছে। আজ আগরতলা গভর্নমেন্ট নার্সিং কলেজের অডিটোরিয়ামে জন্মগত হৃদরোগ শনাক্তকরণ শিবিরের রাজ্যভিত্তিক অনুষ্ঠানের সূচনা করে তিনি একথা বলেন। জাতীয় স্বাস্থ্য মিশন ত্রিপুরা শাখার উদ্যোগে ও অ্যাপোলো চিলড্রেনস হাসপাতালের সহযোগিতায় এই শনাক্তকরণ শিবিরের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমে মোট ৪৮টি ডেডিকেটেড মোবাইল হেলথ টিম সারা রাজ্যে কাজ করছে। এই টিমগুলি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে সদ্যজাত থেকে ৬ বছর বয়স পর্যন্ত ছেলেমেয়েদের স্ক্রিনিং করে। পাশাপাশি বিদ্যালয়গুলিতে ৬ থেকে ১৮ বছর বয়স পর্যন্ত ছেলেমেয়েদেরও স্ক্রিনিং করা হয়। রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের অধীনে রাজ্যে জন্মগত হৃদরোগ, শ্রবনজনিত প্রতিবন্ধকতা, বাঁকা পা, দৃষ্টি প্রতিবন্ধকতা, নিউরাল টিউব ডিফেক্ট-এর মত বিভিন্ন জন্মগত ত্রুটি নিয়ে জন্ম নেওয়া শিশুদের প্রাথমিক চিকিৎসা এবং প্রয়োজনে অস্ত্রোপচারের ব্যবস্থা করা হয়েছে।

এই কার্যক্রমের অন্তর্গত রাজ্যের গোমতী, ধলাই এবং ঊনকোটি জেলায় তিনটি ডিস্ট্রিক্ট আর্লি ইন্টারভেনশন সেন্টার রয়েছে। পশ্চিম ত্রিপুরা জেলাতেও আর্লি ইন্টারভেনশন সেন্টার করার পরিকল্পনা রয়েছে।

অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের অতিরিক্ত সচিব ব্রাহ্মিত কৌড়, স্বাস্থ্য দপ্তরের অধিকর্তা প্রফেসর ডাঃ সঞ্জীব দেববর্মা, স্বাস্থ্য শিক্ষা অধিকারের অধিকর্তা প্রফেসর ডাঃ এইচ পি শর্মা। স্বাগত বক্তব্য রাখেন জাতীয় স্বাস্থ্য মিশনের ত্রিপুরা শাখার মিশন ডিরেক্টর রাজীব দত্ত।

************************

**Farmer Assistance-Agriculture Minister :**

প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ রাজ্যের ৮টি জেলায় প্রায় ৭৮ হাজার ২৭৯ জন কৃষককে আজ কৃষি দপ্তরের পক্ষ থেকে ক্ষতিপূরণ বাবদ প্রায় ২২ কোটি টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়। আগরতলার নজরুল কলাক্ষেত্রে আয়োজিত এক অনুষ্ঠানে কৃষিমন্ত্রী রতন লাল নাথ বোতাম টিপে কৃষকদের ব্যাংক একাউন্টে এই অর্থ প্রদান করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এডিসির কার্যনির্বাহী সদস্য রবীন্দ্র দেববর্মা, বিধায়ক রতন চক্রবর্তী, মীনা রানী সরকার, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি হরিদুলাল আচার্য্য প্রমুখ।

**************************

**Farmer Assistance-Khowai :**

এরই আওতায় আজ খোয়াই জেলায় প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ ৬৫৩৯ জন কৃষক পরিবারকে কৃষি দপ্তরের পক্ষ থেকে ফসলের ক্ষতিপূরণ বাবদ ১ কোটি ২৬ লক্ষ ৫ হাজার ৫০০ টাকা প্রদান করা হয়। এই উপলক্ষ্যে খোয়াই পঞ্চায়েত সমিতি হলে আয়োজিত

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক পিনাকী দাস চৌধুরী, জিলা পরিষদের সভাধিপতি জয়দেব দেববর্মা প্রমুখ।

**************************************

**Farmer Assistance-Jirania :**

জিরানীয়ার অগ্নিবীণা হলে আয়োজিত অনুষ্ঠানে জিরানীয়া মহকুমার ২,৩৮৪ জন কৃষককে ৬৫ লক্ষ ৩৬ হাজার ৫০০ টাকা আর্থিক সহায়তা প্রদান করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খাদ্য মন্ত্রী সুশান্ত চৌধুরী।

*********************************

**Minister Tinku Roy :**

এদিকে, কৈলাসহরের ১৯৫০ জন কৃষক কানি প্রতি ১৩৬০ টাকা হারে সহায়তা পেয়েছেন। এই উপলক্ষ্যে কৈলাশহরে আয়োজিত অনুষ্ঠানে বলেন, বর্তমান কেন্দ্র ও রাজ্য সরকার সবসময়ই কৃষক দের পাশে রয়েছেন। এপ্রসঙ্গে তিনি পি এম-কিষান, ফসল বীমা যোজনা'র কথা উল্লেখ করেন। তিনি কৃষকদের বাণিজ্যিকভাবে ফসল উৎপাদন করার পরামর্শ দেন। অনুষ্ঠানে কৃষি সহায়ক যন্ত্রপাতিও বিতরণ করা হয়। উপস্থিত ছিলেন, গৌরনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান নারাণ সিংহ, কৈলাশহরের মহকুমা শাসক প্রদীপ সরকার, কৃষি তত্বাবধায়ক পরাগ রায়চৌধুরী প্রমুখ।

*************************************

**Panchayet Election :**

রাজ্য নির্বাচন কমিশনার শরদিন্দু চৌধুরী আজ জানিয়েছেন, আসন্ন ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের দিনক্ষণ আগামীকাল চূড়ান্ত

করা হবে। তিনি জানান, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে নির্বাচন সম্পন্ন করার জন্য গতকাল সচিবালয়ে এক উচ্চ পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়। ওই বৈঠকে উপস্থিত ছিলেন মুখ্যসচিব জে কে সিনহা, স্বরাষ্ট্র সচিব প্রদীপ চক্রবর্তী ও রাজ্য পুলিশের মহা নির্দেশক অমিতাভ রঞ্জন এবং রাজ্য নির্বাচন কমিশনের পদস্থ আধিকারিকগণ। রাজ্য নির্বাচন কমিশনার আরো জানান, পঞ্চায়েত নির্বাচনে প্রার্থীরা যাতে অবাধে মনোনয়নপত্র জমা দিতে পারে তারজন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতে আরক্ষা দপ্তরকে বলা হয়েছে।

*******************************

**NITI AYOG :**

নীতি আয়োগ সারাদেশে উচ্চাকাঙ্খী জেলা এবং উচ্চাকাঙ্খী ব্লকগুলিতে ছয়টি মূল সূচকের পরিপূর্ণতা অর্জনের জন্য আজ থেকে ৩০শে সেপ্টেম্বর পর্যন্ত তিন মাসের প্রচারমূলক সম্পূর্নতা অভিযান চালু করেছে। এটির মাধ্যমে ১১২টি উচ্চাকাঙ্খী জেলা এবং ৫০০টি উচ্চাকাঙ্ক্ষী ব্লকের ছয়টি চিহ্নিত সূচকের প্রতিটিতে সাফল্য অর্জন করার প্রচেষ্টা করা হবে। এই ছ'টি বিষয় হল প্রথম তিন মাসের মধ্যে প্রসবপূর্ব পরিচর্যার জন্য নিবন্ধিত গর্ভবতী মহিলা, ডায়াবেটিসের জন্য চিহ্নিত ব্যক্তি, ব্লকের চিহ্নিত রক্তচাপের জন্য চিহ্নিত ব্যক্তি, পরিপূরক পুষ্টি গ্রহণকারী গর্ভবতী মহিলা, শিশুদের টিকাকরণের হার ১০০ শতাংশ করা, মাটির নমুনা সংগ্রহের ভিত্তিতে মৃত্তিকা স্বাস্থ্য কার্ডের এবং স্বনির্ভর তহবিল প্রাপ্ত গোষ্ঠীগুলির সাফল্যের হার নির্ণয় ইত্যাদি। উল্লেখ্য, আমাদের রাজ্যের উচ্চাকাঙ্খী ধলাই জেলাতেও আজ এই কর্মসূচি শুরু হয়েছে।

******************************

**Amarnath Yatra :**

অমরনাথ যাত্রার পঞ্চম দিনে আজ বিপুল সংখ্যক পুণ্যার্থী পবিত্র গুহা দর্শন করেছেন ও ভগবান শিবের পুজো করেছেন। তীর্থযাত্রীদের যাতে কোনও রকম সমস্যা না হয়, তাই সব ধরনের পরিষেবা পৌঁছে দিতে প্রশাসন তৎপর রয়েছে। চলতি বছর অমরনাথ যাত্রা শুরু হয়েছে ২৯ জুন থেকে, চলবে আগামী ১৯ আগস্ট পর্যন্ত।

******************************

**Jharkhand CM :**

ঝাড়খন্ড মুক্তি মোর্চার নির্বাহী সভাপতি হেমন্ত সোরেন আজ ঝাড়খণ্ডের মুখ্যমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেছেন। রাজ্যপাল সি পি রাধাকৃষ্ণন রাজভবনে এক অনাড়ম্বর অনুষ্ঠানে তাঁকে শপথ বাক্য পাঠ করান। তিনি তৃতীয়বারের জন্য ঝাড়খণ্ডের মুখ্যমন্ত্রী হলেন।

***********************

**Dipak Majumder :**

আগরতলা পুর নিগমের উদ্যোগে আজ বিজয় কুমার বালিকা বিদ্যালয়ে স্বচ্ছতা ক্লাবের উদ্বোধন করা হয়। উদ্বোধন করেন আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার। এই উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে কেন্দ্রীয় সরকারের আর একটি বিশেষ উদ্যোগ "সাফাই আপনাও বিমারি ভাগাও" এবং ডায়রিয়া বিষয়ে সচেতনতা সম্পর্কে অনুষ্ঠানে উপস্থিত অতিথিরা বক্তব্য রাখেন।

****************************

**Stop Diarrhea Campaign-Sepahijala :**

২ মাসব্যাপী সিপাহীজলা জেলা ভিত্তিক "স্টপ ডায়রিয়া ক্যাম্পেইন" আজ থেকে শুরু হয়েছে। জেলা স্বাস্থ্য আধিকারিকের কার্যালয়ে এই কর্মসূচির উদ্বোধন করেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত। আগামী ৩১শে আগস্ট পর্যন্ত এই কর্মসূচি চলবে। MPW, আশা কর্মীদের পাশাপাশি বিভিন্ন স্তরের স্বাস্থ্যকর্মীরা ডায়রিয়ার বিরুদ্ধে জন-সচেতনতামূলক প্রচারের পাশাপাশি বাড়ি বাড়ি গিয়ে ৫ বছর বয়স পর্যন্ত শিশুদের মধ্যে ORS ও জিঙ্ক ট্যাবলেট প্রদান করবেন।

******************************

**Minority cell of Tipra motha :**

তিপরা মথা দলের সংখ্যালঘু সেল গঠন করা হয়েছে। আজ দলের সভাপতি বিজয় কুমার রাংখল জানিয়েছেন, শাহ আলমকে সংখ্যালঘু সেলের চেয়ারম্যানের দায়িত্ব দেওয়া হয়েছে।

****************************

**Mohila Congress :**

আসন্ন ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনকে সামনে রেখে আজ আগরতলায় কংগ্রেস ভবনে এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে পঞ্চায়েত নির্বাচনে প্রার্থী বাছাই নিয়ে বিস্তারিত আলোচনা হয়। উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা, বিধায়ক সুদীপ রায় বর্মন সহ জেলা ও ব্লক মহিলা কংগ্রেস

নেতৃত্ব। প্রদেশ মহিলা কংগ্রেস সভানেত্রী সর্বাণী ঘোষ চক্রবর্তী আজ এখবর জানান।

**********************************

**SFI :**

এসএফআই ও টি এস ইউ-র উদ্যোগে বিভিন্ন দাবিতে আজ আগরতলা শহরে বিক্ষোভ মিছিল সংগঠিত করে। এসএফআই রাজ্য সম্পাদক সন্দীপন দেব জানান, নিট ইউ জি ও নেট পরীক্ষায় অনিয়মের প্রতিবাদে, রাজ্যে স্কুল একত্রীকরণ সিদ্ধান্ত প্রত্যাহার ও বিদ্যাজ্যোতি প্রকল্প বাতিলের দাবিতে এই বিক্ষোভ সংগঠিত করা হয়।

********************************

**Transfer & Postings :**

রাজ্য প্রশাসনের মাঝারি স্তরে কিছু পরিবর্তন করা হয়েছে। সমাজ কল্যান সমাজ শিক্ষা দপ্তরের অধিকর্তা স্মীতা মল, দক্ষিণ জেলার জেলাশাসকের দায়িত্ব পেয়েছেন। দক্ষিণ জেলার জেলাশাসক সিদ্ধার্থ শিব জয়সওয়াল আসছেন সিপাহীজলা জেলার জেলাশাসক পদে। খাদ্য দপ্তরের অতিরিক্ত অধিকর্তা অনিমেষ দেববর্মা বদলি হয়েছেন উচ্চ শিক্ষা অধিকর্তা পদে। নৃপেন্দ্র চন্দ্র শর্মাকে উচ্চ শিক্ষা এবং এস সি ই আর টি অধিকর্তার দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। তিনি এখন বুনিয়াদি শিক্ষার অধিকর্তার দায়িত্বে থাকবেন।

*******************************

**Police Reshuffle :**

রাজ্য পুলিশের মাঝারি পর্যায় আজ ৫ জন পুলিশ আধিকারিককে বদলি করা হয়। টিএসআর ১৩ নম্বর ব্যাটেলিয়ানের কমান্ডেন্ট এল ডারলং কে বদলি করা হয়েছে এআইজি ট্রেনিং পদে। অপরদিকে এআইজি ট্রেনিং এস ডারলংকে বদলি করা হয়েছে তের নম্বর ব্যাটেলিয়ানের কমান্ডেন্ট পদে। গোয়েন্দা শাখার ডিএস পি দেব প্রসাদ রায়কে সদরের এসডিপি ও পদে বদলি করা হয়েছে।

*******************************

**Cricket :**

রাজ্যভিত্তিক সিনিয়র ক্রিকেটের এলিট গ্রুপে মোহনপুর চ্যাম্পিয়ন হয়েছে। আজ ধর্মনগরের কলেজ স্টেডিয়ামে অনুষ্ঠিত বৃষ্টি বিঘ্নিত ফাইনালে মোহনপুর ৪ উইকেটে উদয়পুরকে পরাজিত করে। ভিজেডি ম্যাথডে ফাইনাল খেলার ফয়সলা হয়।

****************************

**State Level Football :**

রাজ্যভিত্তিক সুব্রত মুখার্জি কাপ অনূর্ধ্ব সতেরো বালিকা বিভাগের ফুটবল প্রতিযোগিতা আজ থেকে কৈলাশহরে শুরু হয়েছে। আজ বিকালে কৈলাশহর কলেজ স্টেডিয়ামে তিনদিনের এই রাজ্য আসরের আনুষ্ঠানিক উদ্বোধন করেন, ক্রীড়ামন্ত্রী টিংকু রায়। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, জেলা শাসক দিলীপ কুমার চাকমা প্রমুখ। রাজ্যের আট জেলা থেকে আটটি ও ত্রিপুরা স্পোর্টস স্কুল

সবমিলিয়ে নয়টি ফুটবল দল এই রাজ্য আসরে অংশ নিচ্ছে। এই রাজ্যভিত্তিক প্রতিযোগিতা চলবে আগামী শনিবার পর্যন্ত।

*****************************

**Subrta Mukharjee Cup Football-Sepahijala :**

অনূর্ধ্ব ১৭ বছর বালক বিভাগের রাজ্যভিত্তিক সুব্রত মুখার্জী ফুটবল টুর্নামেন্ট আজ থেকে সোনামুড়ার স্পোর্টিং এসোসিয়েশন মাঠে শুরু হয়েছে। উদ্বোধন করেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত। রাজ্যের ৮টি জেলা থেকে ৮টি দল ছাড়াও ত্রিপুরা স্পোর্টস স্কুল থেকে ১টি দল এই টুর্নামেন্টে অংশগ্রহণ করেছে।

*****************************

**SM Cup Football :**

রাজ্যভিত্তিক অনূর্ধ্ব ১৫ বছরের সুব্রত মুখার্জি কাপ ফুটবলের আসর আজ রাজধানী আগরতলায় শুরু হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে সকালে তিনদিনব্যাপী রাজ্য আসরের উদ্বোধন করেন ত্রিপুরা ক্রীড়া পর্ষদের সচিব সুকান্ত ঘোষ। অনুষ্ঠানে পশ্চিম জেলার জিলা সভাধিপতি হরিদুলাল আচার্য সহ ক্রীড়া দপ্তরের আধিকারিকরা উপস্থিত ছিলেন। পরে বিভিন্ন জেলার প্রাথমিক পর্বের খেলা হয়। আগামীকাল সকালে গ্রুপ লিগের ম্যাচ এবং বিকেলে দুটি সেমিফাইনাল হবে। ৬ জুলাই সকালে আসরের ফাইনাল ম্যাচটি হবে।

*****************************

**Weather :**

ভারতের আবহাওয়া বিভাগ পশ্চিম এবং উত্তর-পূর্ব ভারতে আগামী চার থেকে পাঁচ দিন অতিভারী বৃষ্টিপাতের লাল সতর্কতা জারি করেছে। আজ দক্ষিণ গুজরাট অঞ্চলে অত্যন্ত ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। জম্মু বিভাগ, হিমাচল প্রদেশ, উত্তরাখণ্ড, উত্তর প্রদেশ, মধ্যপ্রদেশ এবং বিহারেও আজ একই অবস্থার সম্ভাবনা রয়েছে এবং আগামী দুই-তিন দিন এই অবস্থা অব্যাহত থাকবে।

এদিকে, রাজ্যে আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দূয়েক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ একত্রিশ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ছাব্বিশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল একত্রিশ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ছাব্বিশ ডিগ্রী সেলসিয়াস। সকাল সাড়ে আটটা থেকে দুপুর আড়াইটা পর্যন্ত আগরতলার বিমানবন্দর এলাকায় বৃষ্টি হয়েছে ছয় দশমিক চার মিলিমিটার।

***************************